

সাত কলেজের ভর্তি আবেদন স্থগিত

অনলাইন রিপোর্টার

প্রকাশিত: ০১:৫৭, ৩০ জানুয়ারি ২০২৫



সাত কলেজ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে সাত কলেজের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি আবেদন আপাতত স্থগিত করা হয়েছে।

UNIBOTS

বুধবার (২৯ জানুয়ারি) দুপুর ১২টায় এক সভায় এই সিদ্ধান্ত নিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়। সভায় সভাপতিত্ব করেন উপাচার্য ড. নিয়াজ আহমেদ খান। সভায় উপস্থিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক মোস্তাফিজুর রহমান বাংলাদেশকে বলেন, সাত কলেজের ভর্তি আবেদন ঢাকা বিশ্ববিদ্যালয় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ঢাকা

বিশ্ববিদ্যালয়ের অধীনে শুরু হয়েছে। কিন্তু যেহেতু সাত কলেজ আর ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকছে না, তাই আপাতত ভর্তি আবেদন স্থগিত করা হয়েছে।

তিনি বলেন, যদি কেউ তাদের ভর্তি আবেদনের টাকা ফেরত চায়, সেক্ষেত্রেও আমরা সিদ্ধান্ত নেব। অথবা সাত কলেজের ভর্তি পরীক্ষা যদি অন্য কোনো বডি'র অধীনে হয়, সেক্ষেত্রে আমরা যারা আবেদন করেছে, তাদের টাকা ও তথ্য ও বডি'র কাছে হস্তান্তর করব।

বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ছাড়াও উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক মামুন আহমেদ, উপ-উপাচার্য প্রশাসন ড. সায়মা হক বিদিশা, সাত কলেজের অধ্যক্ষগণ প্রমুখ উপস্থিত ছিলেন।